

## মার্কিন পাবলিক স্কুলের পাঠ্যসূচীতে মুক্তিযুদ্ধের ইতিহাস সংযোজনের উদ্যোগ

এনআরবি নিউজ, নিউইয়র্ক থেকে ॥  
যুক্তরাষ্ট্রের পাবলিক স্কুলের  
পাঠ্যসূচীতে বাংলাদেশের  
মুক্তিযুদ্ধের ইতিহাস সংযোজনসহ  
আন্তর্জাতিক মহলকে একাত্তরের  
ঘাতকদের চলমান বিচার সম্পর্কে  
আরও স্পষ্ট ধারণা প্রদানে কাজ করে  
যাবে 'সেক্টরস কম্যান্ডার ফোরাম-  
মুক্তিযুদ্ধ ৭১' এর যুক্তরাষ্ট্র শাখা।  
৩০ মার্চ নবগঠিত এই ফোরামের  
যুক্তরাষ্ট্র শাখার পক্ষ থেকে জ্যাকসন  
হাইটসের পালকি পার্টি সেন্টারে  
সংবাদ সম্মেলনে বক্তারা বলেন,  
জামায়াত-শিবির তথা মুক্তিযুদ্ধের  
বিরোধীরা এখনও নিউইয়র্কসহ  
বিভিন্নস্থানে অপতৎপরতায় লিপ্ত  
রয়েছে। এদের সম্পর্কে সজাগ  
থাকার পাশাপাশি বাংলাদেশের  
উন্নয়ন-অগ্রগতির ব্যাপারে প্রবাস-  
প্রজন্মকে সুস্পষ্ট ধারণা দিতে এই  
ফোরাম সোচ্চার থাকবে।  
বাংলাদেশী অধ্যুষিত সিটিসমূহের  
পাবলিক স্কুলের পাঠ্যপুস্তকে  
মুক্তিযুদ্ধের ইতিহাস সংযোজনের  
জন্য বাংলাদেশী শিক্ষকদের সঙ্গে  
যোগাযোগ বৃদ্ধি এবং সিটি ও  
অঙ্গরাজ্য প্রশাসনে তদ্বিরের  
পদক্ষেপ গ্রহণের তথ্যও উপস্থাপন  
করা হয়। উল্লেখ্য, এলিমেন্টারি  
স্কুল, মিডল এবং হাই স্কুলের  
ইতিহাস অধ্যায়ে বিশ্বের অনেক  
দেশেরই ইতিহাস রয়েছে।  
সংগঠনের আহ্বায়ক রাশেদ আহমেদ  
লিখিত বক্তব্য উপস্থাপনের পর  
সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর  
দেন যুগ্ম আহ্বায়ক লাবলু আনসার  
এবং সদস্য সচিব রেজাউল বারী। এ  
সময় আহ্বায়ক কমিটির সদস্য  
হারুন ভূইয়া, নূরুল আমিন বাবু  
উপস্থিত ছিলেন।